

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৭৫৪- বিচার-৩/১ডি-০৬/২০১৬

তারিখঃ ১৪ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ।
২৮ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, ঢাকাস্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের সাবেক সদস্য (জেলা ও দায়রা জজ) পরবর্তীতে রাজশাহীর দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) বর্তমানে মুন্সীগঞ্জের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) বেগম শিরিন কবিতা আক্তার এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) মোতাবেক যথাক্রমে-অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৬/২০১৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, বেগম শিরিন কবিতা আক্তার এর বিরুদ্ধে রুজুকৃত ০৬/২০১৬ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে-অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত না হওয়ায় সরকার তাঁকে উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করতঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষন করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকাস্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের সাবেক সদস্য (জেলা ও দায়রা জজ) পরবর্তীতে রাজশাহীর দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) বর্তমানে মুন্সীগঞ্জের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) বেগম শিরিন কবিতা আক্তার-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৬/২০১৬ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব

নং-৭৫৪- বিচার-৩/১ডি-০৬/২০১৬

তারিখঃ ১৪ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ।
২৮ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
 - ২। বেগম শিরিন কবিতা আক্তার, বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মুন্সীগঞ্জ।
 - ৩। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৫। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
 - ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- (উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১